গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মেরিন একাডেমী,চট্টগ্রাম

নং- ৬৩/২০২২ *(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)* ২২ অক্টোবর ২০২২

৫৮ ব্যাচ ক্যাডেট হিসেবে নির্বাচিত প্রার্থীদের ভর্তির নির্দেশাবলী

১। নৌপরিবহন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ফলাফল অনুযায়ী বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের ৫৮ ব্যাচের ক্যাডেট হিসেবে নির্বাচিত ২২০ জন পুরুষ ও ৩০ জন মহিলা প্রার্থীগণ, চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে ভর্তি হবে।

২। আগামী ***২৩ অক্টোবর ২০২২খ্রিঃ হতে ০৩ নভেম্বর ২০২২ খ্রিঃ*** পর্যন্ত যে কোনো দিন, প্রার্থীর নিজ উদ্যোগে ও নিজ সুবিধামতো দেশের যে কোন সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল, সিভিল সার্জন কার্যালয় বা সিএমএইচ থেকে স্বাস্থ্য পরীক্ষাসমূহ সম্পন্ন করতে পারবে। স্বাস্থ্য পরীক্ষাসমূহ: CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG, URINE for DA Health Screening Profile। উল্লেখিত পরীক্ষাসমূহের প্রতিবেদনের ইমেজ (এক্স-রে ফিল্ম- বাদে) ছবি, স্ক্যানড কপি বা পিডিএফ ceo@macademy.gov.bd ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। পরীক্ষার প্রতিবেদনসমূহ পাওয়ার পর চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার ফলাফল পরবর্তী দিন ওয়েবসাইটে প্রকাশ করা হবে। সকল পরীক্ষা ব্যয় সহ চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার ব্যয়ভার প্রার্থী বহন করবে।
[প্রয়োজনে, সহায়তার জন্য যোগাযোগ:০১৮৪২৫৮৮৪৪৯- একাডেমির মেডিক্যাল এসিস্ট্যান্ট জনাব মো: আনোয়ার]।

৩। তারপর, চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় সন্তোষজনক ফলাফল সাপেক্ষে, ২৪ অক্টোবর হতে ০৬ নভেম্বর ২০২২ পর্যন্ত যে কোনো দিন একাডেমির '২ বছর মেয়াদী প্রাক-সমুদ্র কোর্সের' জন্য প্রযোজ্য প্রশিক্ষণ ফি ৯৯,৯২০/- টাকার মধ্যে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সোনালী ব্যাংক, মেরিন একাডেমি, জুলদিয়া, চট্টগ্রাম: ***"ক্যাডেট ফান্ড" চলতি হিসাব নং ০৮৩৪২০০০০০০৯*** - বরাবর অনলাইনে এ প্রেরণ করতে হবে। এরপর, নীচের ৪ নম্বর অনুচ্ছেদে উল্লেখিত কাগজপত্রের ইমেজ এবং অনলাইন টাকা জমা স্লিপের ছবি, স্ক্যানড কপি বা পিডিএফ ceo@macademy.gov.bd ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। একাডেমি ওয়েবসাইটে প্রাথমিকভাবে 'ভর্তি নিশ্চিতকরণ বার্তা' প্রকাশ করা হবে। *[ফি-র বাকী ৪৯,৯২০/- টাকা ২য় বৎসরে, ৩১ জানুয়ারী ২০২৪ খ্রিঃ-এর মধ্যে পরিশোধ করতে হবে।] [সহায়তায়:০১৮১৫০৭৮০২৭-একাডেমির জনাব রিপন কান্তি দে]*

৪। প্রশিক্ষণে যোগদানের দিনে নিম্নলিখিত তালিকা মোতাবেক প্রমাণাদি জমা দিতে হবে।

(ক) মাধ্যমিক পরীক্ষা পাশের মূল সনদ ও মূল নম্বরফর্দ	- ০২ সেট ফটোকপি সহ
(খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের মূল সনদ ও মূল নম্বরফর্দ	- ০২ সেট ফটোকপি সহ
(গ) অনলাইন জন্মনিবন্ধন সনদ	- ০২ সেট ফটোকপি
(ঘ) নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি	- সিটি কর্পো. ওয়ার্ড/ইউপি চেয়ারম্যান প্রদত্ত
(ঙ) অবিবাহিত প্রমাণক সনদের মূলকপি	- সিটি কর্পো. ওয়ার্ড/ইউপি চেয়ারম্যান প্রদত্ত
(চ) পিতা/মাতা/অভিভাবকের আয়ের সনদপত্র	- আয়কর সনদ/রিটার্ন কপি
(ছ) পাসপোর্ট সাইজের ছবি	- ০৬ কপি

৫। প্রশিক্ষণে যোগদানের দিনে নিম্নলিখিত ফরমসমূহ জমা দিতে হবে।

(ক) মূল আবেদন ফরম (ব্লু ফরম)- Main Application Form	- ডাকযোগে প্রেরণ করা হবে
(খ) ইনডেমনিটি বন্ড; ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে (নমুনা মোতাবেক)	- নমুনা ওয়েবসাইটে পাওয়া যাবে।
(গ) হাঁপানী, মৃগী বা কোনো ক্রনিক (দীর্ঘস্থায়ী) রোগে আক্রান্ত নয় মর্মে ঘোষণাপত্র	- নমুনা ওয়েবসাইটে পাওয়া যাবে।

৬। চেকলিস্ট: (ক) স্বাস্থ্য পরীক্ষাসমূহ সম্পন্ন করা।
(খ) স্বাস্থ্য পরীক্ষার রিপোর্টসমূহের স্ক্যান কপি ইমেইলে প্রেরণ করা।
(গ) চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে অনলাইনে ভর্তির টাকা জমাদান।

৭। নির্ধারিত তারিখের পর কোন প্রকার ভর্তির অনুরোধ/আবেদন গ্রহণ করা হবে না।

বি.দ্রঃ উপরোল্লিখিত কার্যাদি সম্পন্ন করার জন্য একাডেমিতে সশরীরে আসার প্রয়োজন নেই।

(স্বাক্ষরিত)
নৌপ্রকৌ. ড. সাজিদ হোসেন
কমান্ড্যান্ট
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।